

নৌপরিবহন প্রতিমন্ত্রী ও শ্রীলংকার সফররত পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক

বাংলাদেশ ও শ্রীলংকা মধ্যে নৌযোগাযোগ বৃদ্ধি ও মেরিটাইম সহযোগিতাকে সম্প্রসারিত করার লক্ষ্যে একযোগে কাজ হচ্ছে

ঢাকা, ২৩ নভেম্বর ২০২২;

বাংলাদেশ ও শ্রীলংকা মধ্যে নৌযোগাযোগ বৃদ্ধি ও মেরিটাইম সহযোগিতাকে সম্প্রসারিত করে অর্থনৈতিক ক্ষেত্রে সমৃদ্ধশালী হওয়ার ব্যাপক সম্ভাবনা রয়েছে। এ উপলব্ধি থেকে উভয় দেশ পারম্পরিক সহযোগিতার ক্ষেত্রগুলো নির্ণয় করে একযোগে কাজ করে চলেছে। এ সম্ভাবনা এবং সহযোগিতার ক্ষেত্রগুলো নির্ধারণের জন্য উভয় দেশ প্রতিবছর একটি সচিব পর্যায়ের সভা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। বাংলাদেশ এবং শ্রীলংকার মধ্যে সচিব পর্যায়ের প্রথম সভাটি ২০১৯ সালের ডিসেম্বরে ঢাকায় অনুষ্ঠিত হয়েছিল। দ্বিতীয় সভাটি কলম্বোয় অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে তা বিলম্বিত হয়েছে। দ্বিতীয় সভাটি শীঘ্রই কলম্বোয় অনুষ্ঠিত হবে।

আজ সচিবালয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ ও শ্রীলংকার মধ্যে এক বৈঠকে এসব তথ্য জানানো হয়। বৈঠকে নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি এবং শ্রীলংকার সফররত পররাষ্ট্রমন্ত্রী এম ইউ এম আলী সাবরি (M.U.M. ALI SABRY) নিজ নিজ দেশের পক্ষে নেতৃত্ব দেন।


তারা বাংলাদেশ এবং শ্রীলংকার মধ্যে কোস্টাল শিপিং এগ্রিমেন্ট এবং শ্রীলংকান শিপিং কর্পোরেশন ও বাংলাদেশ শিপিং কর্পোরেশনের মধ্যে ফিডার সার্ভিসের জন্য স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) বিষয়ে আলোচনা করেন।

প্রতিমন্ত্রী জানান, বাংলাদেশ এবং শ্রীলংকার মধ্যে কোস্টাল শিপিং এগ্রিমেন্ট বিষয়ে বাংলাদেশ ও শ্রীলংকার মধ্যে দীর্ঘদিন ধরে আলোচনা চলছে। বাংলাদেশ পক্ষ সকল দপ্তর/সংস্থা, সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে সভা করে এবং তাদের নিকট থেকে প্রাপ্ত মতামত এবং ইনপুট পর্যালোচনা করেছে। এসব বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে সংশ্লিষ্ট আইন এবং বিধি-বিধান পর্যালোচনা শেষে শ্রীলংকান পক্ষকে শীঘ্রই জানানো হবে।

বৈঠকে জানানো হয় যে, শ্রীলংকান শিপিং কর্পোরেশন ও বাংলাদেশ শিপিং কর্পোরেশনের মধ্যে ফিডার সার্ভিসের জন্য স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) বিষয়ে শ্রীলংকান কর্তৃপক্ষ বাংলাদেশ পক্ষের মতামতের বিষয়ে একটি রিভাইজড টেক্সট প্রেরণ করেছে। উক্ত এসওপি'র বিষয়ে মতামত প্রদানের জন্য নৌপরিবহন মন্ত্রণালয় নৌপরিবহন অধিদপ্তর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়েছে। সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে মতামত পাওয়ার পর বাংলাদেশ পক্ষের টেক্সট চূড়ান্ত করে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে শ্রীলংকান কর্তৃপক্ষকে জানিয়ে দেয়া হবে।

এসময় অন্যান্যের মধ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মোঃ মোস্তফা কামাল এবং শ্রীলংকার হাইকমিশনার প্রফেসর সাধার্ন সেনেভিরত্নে (PROF. SADHARSHAN SENEVIRATNE) এসময় উপস্থিত ছিলেন।

এর আগে শ্রীলংকার সফররত পররাষ্ট্রমন্ত্রী নৌপরিবহন প্রতিমন্ত্রীর সাথে তাঁর অফিস কক্ষে সাক্ষাৎ করেন। তারা পারম্পরিক স্বার্থসংশ্লিষ্ট দ্বিপাক্ষিক বিষয়াদি নিয়ে আলোচনা করেন। নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব এবং শ্রীলংকার হাইকমিশনার এসময় উপস্থিত ছিলেন।

  
মো. জাহাঙ্গীর আলম খান  
সিনিয়র তথ্য অফিসার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
০১৭১১-৪২৫৩৬৪